



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-৬৬০

তারিখ: ০৭ আশ্বিন ১৪২৬
২২ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: নোয়াখালী জেলার কবিরহাট উপজেলা পরিষদের নির্বাচন সংক্রান্ত।

সূত্রঃ (১) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-৬১৭, তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০১৯।

(২) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৪.১৯-৩০২, তারিখ: ২৯ মার্চ ২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ পর্যায়ের অন্তর্ভুক্ত নোয়াখালী জেলার কবিরহাট উপজেলা পরিষদের ভোটগ্রহণের তারিখ ৩১ মার্চ ২০১৯ তারিখে নির্ধারিত ছিল। উক্ত নির্বাচনটি ন্যায়সঙ্গত ও সুষ্ঠুভাবে সম্পন্নকরণের লক্ষ্যে ২৯ মার্চ ২০১৯ তারিখে স্থগিত করা হয়। পরবর্তীতে স্থগিতকৃত নোয়াখালী জেলার কবিরহাট উপজেলা পরিষদের নির্বাচন যে পর্যায় থেকে স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে শুরু করে ১৪ অক্টোবর ২০১৯ তারিখে ভোটগ্রহণের তারিখ নির্ধারণ করা হয়েছে। কবিরহাট উপজেলা পরিষদের নির্বাচনের জন্য মাননীয় নির্বাচন কমিশন নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেনঃ


(ক) আগামী ২৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখ হতে কবিরহাট উপজেলায় প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ প্রচারণা চালাতে পারবে;

(খ) উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৭৪ অনুযায়ী ভোটগ্রহণ শুরুর পূর্ববর্তী ৩২(বত্রিশ) ঘণ্টা এবং ভোটগ্রহণ শুরুর পরবর্তী ৬৪ ঘণ্টা সময়ের মধ্যে উক্ত নির্বাচনী এলাকায় কোন ব্যক্তি কোন ধরনের প্রচারণা করতে পারবেন না (কপি সংযুক্ত)। উল্লিখিত বিধি অনুসরণপূর্বক নির্বাচনী কার্যক্রম পরিচালনা করা; এবং

(গ) ইতোপূর্বে কবিরহাট উপজেলা পরিষদের নির্বাচনের জন্য প্রস্তুতকৃত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রতীকসহ নামের তালিকা, ভোটগ্রহণের তারিখ ও সময় গণবিজ্ঞপ্তি আকারে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার প্রার্থী এবং ভোটারদের অবহিত করার জন্য জারী করা।

০২। কবিরহাট উপজেলা পরিষদের নির্বাচনে ব্যালট পেপার ভোটগ্রহণের দিন সকালে কেন্দ্রসমূহে পৌছানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। উল্লিখিত নির্দেশনা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।


(মোঃ আভিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

E-mail: sasemc1@gmail.com

সিনিয়র জেলা নির্বাচন অফিসার, নোয়াখালী

ও

রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-৬৬০

তারিখ: ০৭ আশ্বিন ১৪২৬
২২ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

অফিসের ঠিকানাঃ


নির্বাচন ভবন, প্লট নং ১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যা‍্যব), ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার,(সংশ্লিষ্ট)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, (সংশ্লিষ্ট রেঞ্জ)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সংশ্লিষ্ট)
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা প্রশাসক, (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সংশ্লিষ্ট)
২০. পুলিশ সুপার, (সংশ্লিষ্ট)
২১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২২. উপজেলা নির্বাহী অফিসার, (সংশ্লিষ্ট)
২৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সংশ্লিষ্ট)
২৪. জেলা তথ্য অফিসার, (সংশ্লিষ্ট)
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাবএর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৯. উপজেলা নির্বাচন অফিসার, (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সংশ্লিষ্ট থানা)
৩১. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।


 (মোহাম্মদ আশফাকুর রহমান)
 সহকারী সচিব
 নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়- শাখা ২